

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস  
আগৈলঝাড়া, বরিশাল

উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব মো: রফিকুল ইসলাম তালুকদার  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল

সভার স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল  
তারিখ : ২৮/১১/২০২৩ খ্রি:  
সময় : ১১.০০ ঘটিকায়

উপস্থিতির স্বাক্ষরঃ পরিশিষ্ট ক দ্রষ্টব্য

সভাপতি মহোদয় উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর: তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আগৈলঝাড়া, জনাব মাহাবুবুর রহমানকে সভা পরিচালনার দায়িত্ব অর্পন করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আগৈলঝাড়া গত সভার রেজুলেশন পাঠ করার শোনান এবং সর্বসম্মতিক্রমে উহা দৃষ্টিকরণ করা হয়। তিনি জানান যে, অত্র উপজেলায় মাধ্যমিক স্তরের বিদ্যালয় ও মাদ্রাসায় ২০২৪ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক আসতে শুরু করেছে। ইতোমধ্যে মাধ্যমিক বিদ্যালয়ের জন্য বরাদ্দকৃত ১,৯৪,০৫০ পাঠ্যপুস্তকের মধ্যে উপজেলায় প্রাপ্ত ৬৯,২০০ পাঠ্যপুস্তক, প্রাপ্তির হার ৩৬% এবং মাদ্রাসার জন্য বরাদ্দকৃত ২৭,৮৬০ পাঠ্যপুস্তকের মধ্যে উপজেলায় প্রাপ্ত ১৫,৩৯০ পাঠ্যপুস্তক, প্রাপ্তির হার ৫৫%। যথাসময়ে শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক নতুন কারিকুলাম বিস্তারণ বিষয়ক অভিভাবকদের সচেতনতা করার লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির অভিভাবকদের সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বিবিধ আলোচনার পর আরকোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।


  
(মো: রফিকুল ইসলাম তালুকদার)  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ও  
সভাপতি  
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল

স্মারক নং : উমাশিঅ/আগৈল-বরি/২৩/১১৮ (ক)

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
২. উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
৩. জনাব..... সদস্য, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
৪. অফিস কপি।

তারিখ: ২৮/১১/২০২৩ খ্রি:

  
(মো: মাহাবুবুর রহমান)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
ও  
সদস্য সচিব  
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল  
